

আন্তর্জাতিক

বলিভিয়ায় সামরিক ঘাঁটিতে বিস্ফোরণ, নিহত অন্তত ১০



প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: শনিবার, ০৫ সেপ্টেম্বর ২০২৬, ০৫:০২ PM



বলিভিয়ায় একটি সামরিক ঘাঁটিতে ভয়াবহ বিস্ফোরণে অন্তত ১০ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন অন্তত ৫৮ জন। নিহতের সংখ্যা ১০ থেকে ১৫ জন হতে পারে বলে জানিয়েছেন স্থানীয় এক স্বাস্থ্য কর্মকর্তা।

গুত্রবার লা পাজ বিভাগের ভিয়াচা শহরের রেজিমিয়েন্তো ২ বলিভার সামরিক স্থাপনায় এ বিস্ফোরণ ঘটে।

স্থানীয় স্বাস্থ্য কর্মকর্তা রিতা নেব্রাস্কা জানিয়েছেন, বিস্ফোরণে নিহতের সংখ্যা ১০ থেকে ১৫ জনের মধ্যে হতে পারে। তবে হতাহতের চূড়ান্ত সংখ্যা এখনো নিশ্চিত করা হয়নি।

আহতদের মধ্যে বেসামরিক নাগরিক ও সামরিক সদস্য উভয়েই রয়েছেন। বলিভিয়ার প্রতিরক্ষামন্ত্রী এরনেস্তো জাস্তিনিয়ানো জানিয়েছেন, আহতদের মধ্যে ৫২ জন বেসামরিক নাগরিক এবং ছয়জন সামরিক সদস্য।

প্রাথমিকভাবে জানা গেছে, সামরিক স্থাপনার এমন একটি এলাকায় বিস্ফোরণ ঘটে, যেখানে আতশবাজি বা বিস্ফোরকজাতীয় সামগ্রী রাখা

ছিল। তবে কী কারণে বিস্ফোরণ ঘটেছে, তা এখনো নিশ্চিত হওয়া যায়নি।

বিস্ফোরণের কারণ জানতে তদন্ত শুরু করেছে কর্তৃপক্ষ। একই সঙ্গে সেখানে বিস্ফোরক সামগ্রী কীভাবে সংরক্ষণ করা হয়েছিল, সেটিও খতিয়ে দেখা হচ্ছে।

স্থানীয় সংবাদমাধ্যমের খবরে বলা হয়েছে, বিস্ফোরণের প্রচণ্ড শব্দ ও কম্পনে আশপাশের এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। বিস্ফোরণের তীব্রতায় কাছাকাছি কয়েকটি বাড়ির জানালার কাচ ভেঙে যায়। সামরিক স্থাপনারও কিছু অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে।

খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে অ্যাম্বুলেন্স ও নিরাপত্তা বাহিনীর সদস্যরা পৌঁছান। পরে পুরো এলাকা নিরাপত্তা বাহিনীর নিয়ন্ত্রণে নেওয়া হয়।

স্থানীয় প্রাথমিক প্রতিবেদনে প্রথমে দুটি বিস্ফোরণের কথা বলা হয়েছিল। প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে এসব প্রতিবেদনে বলা হয়, দ্বিতীয় বিস্ফোরণটি ছিল বেশি শক্তিশালী। এর ধাক্কায় সামরিক স্থাপনার আশপাশের কয়েকটি বাড়িও ক্ষতিগ্রস্ত হয়।

ঘটনার পর সাধারণ মানুষকে ঘটনাস্থল থেকে দূরে থাকার নির্দেশ দেয় সামরিক বাহিনী। আরও কোনো ঝুঁকি আছে কি না, তা যাচাই করতে নিরাপত্তাব্যবস্থাও জোরদার করা হয়।

বিস্ফোরণের সঠিক কারণ এবং হতাহতের চূড়ান্ত সংখ্যা নিয়ে এখনো আনুষ্ঠানিকভাবে বিস্তারিত জানানো হয়নি। উদ্ধার ও যাচাই কার্যক্রম শেষ হওয়ার পর মৃতের সংখ্যা পরিবর্তিত হতে পারে।

এর মধ্যে বলিভিয়ার সামরিক স্থাপনায় অস্ত্র ও গোলাবারুদ ব্যবস্থাপনা নিয়ে আলাদা তদন্ত চলছে। চলতি সপ্তাহে দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, সান্তা ক্রুজ বিভাগের একটি সামরিক রেজিমেন্টের গুদাম থেকে ৩৩ হাজার ৬০৮টি ৫.৫৬×৪৫ মিমি গুলি নিখোঁজ হয়েছে। এ ঘটনায়ও তদন্ত চলছে।

তবে ভিয়াচার বিস্ফোরণের সঙ্গে নিখোঁজ গোলাবারুদের ঘটনার কোনো যোগসূত্র রয়েছে—এমন তথ্য এখন পর্যন্ত দেয়নি কর্তৃপক্ষ। বিস্ফোরণের প্রকৃত কারণ জানতে তদন্ত শেষ হওয়া পর্যন্ত অপেক্ষা করতে হবে।

সূত্র: ইন্ডিয়া টুডে

এ বিভাগের আরও খবর



মধ্যপ্রাচ্যের উত্তেজনায় আবারও ১০০ ডলারের ওপরে তেল
মধ্যপ্রাচ্যে বাড়ন্ত খাবার উত্তেজনা এবং যুক্তরাষ্ট্রের মেক্সিকো উপসাগরীয় অঞ্চলে ঝড়ের আশঙ্কায় বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম বেড়েছে। বুধবার রে...



কক্স সাগরে তেলবাহী জাহাজে হামলা, ২৩ ভারতীয় নাবিক উদ্ধার
কক্স সাগরে তেলবাহী একটি বাণিজ্যিক জাহাজে হামলা হয়েছে। হামলার পর জাহাজটিতে আগুন ধরে যায়। সেখান থেকে ২৩ ভারতীয় নাবিককে অক্ষত অবস্থায় উদ্ধার...



আরও তীব্র হচ্ছে ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ, চাপে সরকার
ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ তীব্র আকার ধারণ করেছে। আজ মঙ্গলবার দেশটির বিভিন্ন শহরে বিক্ষোভ মিছিল করেছেন শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকরা।...



পদার্থে নোবেল পেলেন ফ্রান্সিস হেলজেন
চলতি বছর পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছেন বেলজিয়ামের পদার্থবিজ্ঞানী ফ্রান্সিস হেলজেন। সুইডেনের স্টকহোমে রয়্যাল সুইডিশ একাডেমি অব সায়েন্সে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/blibliyyay-samrik-ghantite-bisform-niht-ontt-10>